

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪১৮ বঙ্গাব্দ/ ২ জুন ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৪৩-আইন/২০১১।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা;
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;
- (চ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ছ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” বা “স্বীকৃত ইন্সটিটিউট” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইন্সটিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইন্সটিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

( ৪৬৮৩ )

মূল্য : টাকা ১০.০০

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথাঃ—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;
- (খ) পদোন্নতির মাধ্যমে ; এবং
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে ।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে ইতোপূর্বে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে ।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;
- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন ।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য নয় এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং
- (খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত ।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) কারা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০০৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

#### তফসিল-১

##### [বিধি ২(খ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগের পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১.	কারা মহাপরিদর্শক	....	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অতিরিক্ত কারা মহাপরিদর্শক পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।  প্রেষণের ক্ষেত্রে : সরকারের যুগ্ম- সচিব বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।
২.	অতিরিক্ত কারা মহাপরিদর্শক	....	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : কারা উপ-মহাপরিদর্শক পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  প্রেষণের ক্ষেত্রে : উপ-সচিব বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।
৩.	কারা উপ- মহাপরিদর্শক	....	পদোন্নতির মাধ্যমে।	সিনিয়র তত্ত্বাবধায়ক পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৪.	সিনিয়র তত্ত্বাবধায়ক	....	পদোন্নতির মাধ্যমে।	সহকারী কারা মহাপরিদর্শক বা কারা তত্ত্বাবধায়ক পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৫.	সহকারী সার্জন	....	প্রেষণে বদলীর মাধ্যমে।	বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী সার্জন বা সমমানের পদ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।
৬.	সহকারী কারা মহাপরিদর্শক	৩০ বৎসর	৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : উপ-তত্ত্বাবধায়ক ও জেলার উভয় পদে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রী।
৭.	কারা তত্ত্বাবধায়ক	৩০ বৎসর	৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : উপ-তত্ত্বাবধায়ক ও জেলার উভয় পদে মোট ০৭(সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী বা ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রী।
৮.	উপ-তত্ত্বাবধায়ক	...	পদোন্নতির মাধ্যমে।	জেলার পদে অনূন ০৪ (চার) বৎসরের চাকুরী।
৯.	জেলার	...	পদোন্নতির মাধ্যমে।	ডেপুটি জেলার পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
১০.	প্রশাসনিক কর্মকর্তা	...	পদোন্নতির মাধ্যমে।	প্রধান সহকারী-কাম-হিসাবরক্ষক, প্রধান সহকারী, ভ্রাম্যমান নিরীক্ষক বা সাঁট-লিপিকার পদে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১১.	বাজেট অফিসার	...	পদোন্নতির মাধ্যমে।	ভ্রাম্যমান নিরীক্ষক, প্রধান সহকারী-কাম-হিসাবরক্ষক বা প্রধান সহকারী পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
১২.	পরিসংখ্যানবিদ	...	পদোন্নতির মাধ্যমে।	ভ্রাম্যমান নিরীক্ষক, প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক বা প্রধান সহকারী পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
১৩.	ফার্মাসিস্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-ফার্মেসী সনদ প্রাপ্ত।
১৪.	ডিপ্লোমা নার্স	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে নার্সিং ডিপ্লোমা সনদ প্রাপ্ত।
১৫.	ডেপুটি জেলার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ নির্বর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ—  (ক) পুরুষদের জন্য— (অ) উচ্চতা অনূন ১.৬৫ মিটার ; (আ) বুক অনূন ৮১.২৮ সেন্টিমিটার ; (ই) ওজন অনূন ৫২ কেজি;  (খ) মহিলাদের জন্য— (অ) উচ্চতা অনূন ১.৫৭ মিটার ; (আ) বুক অনূন ৭৬.৯২ সেন্টিমিটার ; (ই) ওজন অনূন ৪৫ কেজি।
১৬.	সার্জেন্ট ইন্সট্রাক্টর	...	পদোন্নতির মাধ্যমে।	সর্বপ্রধান কারারক্ষী পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
১৭.	প্রধান সহকারী	...	পদোন্নতির মাধ্যমে।	উচ্চমান সহকারী বা সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
১৮.	প্রধান সহকারী-কাম-হিসাবরক্ষক	...	পদোন্নতির মাধ্যমে।	উচ্চমান সহকারী বা সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
১৯.	ভ্রাম্যমান নিরীক্ষক	...	পদোন্নতির মাধ্যমে।	উচ্চমান সহকারী বা সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
২০.	সাঁট-লিপিকার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২১.	সর্বপ্রধান কারারক্ষী	...	পদোন্নতির মাধ্যমে।	প্রধান কারারক্ষী বা ম্যাট্রন পদে অনূ্যন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
২২.	উচ্চমান সহকারী-কাম-লাইব্রেরীয়ান	...	পদোন্নতির মাধ্যমে।	হিসাবরক্ষক বা হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
২৩.	উচ্চমান সহকারী	৩০ বৎসর	৭৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী, মুদ্রাক্ষরিক বা মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে অনূ্যন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২৪.	সহকারী ড্রাম্যান নিরীক্ষক	...	পদোন্নতির মাধ্যমে।	অফিস সহকারী, মুদ্রাক্ষরিক বা মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে অনূ্যন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
২৫.	সাঁট-মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২৬.	প্রধান কারারক্ষী	...	পদোন্নতির মাধ্যমে।	সহকারী প্রধান কারারক্ষী পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
২৭.	ম্যাট্রন	...	পদোন্নতির মাধ্যমে।	মহিলা কারারক্ষী পদে অনূ্যন ০৮ (আট) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

১	২	৩	৪	৫
২৮.	হিসাবরক্ষক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : সহকারী হিসাবরক্ষক, কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী-কাম-বিক্রেতা (শোরুম) বা অফিস সহকারী-কাম-বিক্রেতা (রেশন শপ) পদে অন্যান্য ০৩ (তিন) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।</p>
২৯.	হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : সহকারী হিসাব রক্ষক, কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী-কাম-বিক্রেতা (শোরুম) বা অফিস সহকারী-কাম-বিক্রেতা (রেশন শপ) পদে অন্যান্য ০৩ (তিন) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যান্য ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।</p>
৩০.	কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	<p>১০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;</p> <p>৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃতি বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি ও কম্পিউটার চালনায় দক্ষতাসহ কারারক্ষী, মহিলা কারারক্ষী বা দেহরক্ষী পদে অন্যান্য ১০ (দশ) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>



১	২	৩	৪	৫
৩১.	মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	<p>৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;</p> <p>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি ও কম্পিউটার চালনায় দক্ষতাসহ ক্যাশিয়ার পদে অনূন ০৩(তিন) বৎসর অথবা ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে অনূন ০৫(পাঁচ) বৎসর অথবা রেকর্ড সাপ্লাইয়ার পদে অনূন ০৭(সাত) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৩২.	মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী	৩০ বৎসর	<p>২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;</p> <p>৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি ও কম্পিউটার চালনায় দক্ষতাসহ ক্যাশিয়ার পদে অনূন ০৩(তিন) বৎসর অথবা ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে অনূন ০৫(পাঁচ) বৎসর অথবা রেকর্ড সাপ্লাইয়ার পদে অনূন ০৭(সাত) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ৩ ও ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

১	২	৩	৪	৫
৩৩.	অফিস সহকারী	৩০ বৎসর	২৫% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার চালনায় দক্ষতাসহ ক্যাশিয়ার পদে অনূন ০৩(তিন) বৎসর অথবা ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে অনূন ০৫(পাঁচ) বৎসর অথবা রেকর্ড সাপ্লাইয়ার পদে অনূন ০৭(সাত) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।
৩৪.	অফিস সহকারী-কাম-বিক্রেতা (শোরুম)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩৫.	অফিস সহকারী-কাম-বিক্রেতা (রেশন শপ)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩৬.	সহকারী হিসাবরক্ষক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ক্যাশিয়ার বা স্টোর কিপার পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্যে অনূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩৭.	ফ্যান্টাস্ট্রী ওভারসীয়ার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ব্লাকস্মিথ বা বুক বাইন্ডার ইন্সট্রাক্টর পদে অনূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ :

১	২	৩	৪	৫
				তবে শর্ত থাকে যে, কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কাপড় বোনা ও রং করা, কাঠ মিস্ত্রি, কার্পেট তৈরী, কামার ইত্যাদি ট্রেড কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩৮.	টাস্ক-টেকার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিরযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : ব্লাকস্মিথ বা বুক বাইন্ডার ইন্সট্রাক্টর পদে অনূন্য ০৬ (ছয়) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ :</p> <p>তবে শর্ত থাকে যে, কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কাপড় বোনা ও রং করা, কাঠ মিস্ত্রি, কার্পেট তৈরী, কামার ইত্যাদি ট্রেড কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।</p>
৩৯.	গাড়ী চালক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা।
৪০.	সহকারী প্রধান কারারক্ষী	...	পদোন্নতির মাধ্যমে।	কারারক্ষী, দেহরক্ষী বা মহিলা কারারক্ষী পদে অনূন্য ০৩ (তিন) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
৪১.	শিক্ষক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা বা সার্টিফিকেট-ইন-এডুকেশন (সি-ইন-এড) উত্তীর্ণ।
৪২.	ক্যাশিয়ার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে অনূন্য দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪৩.	নার্স (পুরুষ)	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং পরীক্ষায় উত্তীর্ণ।

১	২	৩	৪	৫
৪৪.	স্টোর কিপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪৫.	কারারক্ষী	১৮-২১ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ— (অ) উচ্চতা অন্যান্য ১.৬৭ মিটার; (আ) বুক অন্যান্য ৮১.২৮ সেন্টিমিটার; (ই) ওজন অন্যান্য ৫২ কেজি;
৪৬.	দেহরক্ষী	১৮-২১ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ— (ক) পুরুষদের জন্য— (অ) উচ্চতা অন্যান্য ১.৬৭ মিটার ; (আ) বুক অন্যান্য ৮১.২৮ সেন্টিমিটার ; (ই) ওজন অন্যান্য ৫২ কেজি; (খ) মহিলাদের জন্য— (অ) উচ্চতা অন্যান্য ১.৫৭ মিটার ; (আ) বুক অন্যান্য ৭৬.৮১ সেন্টিমিটার ; (ই) ওজন অন্যান্য ৪৫ কেজি।
৪৭.	মহিলা কারারক্ষী	১৮-২১ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ— (অ) উচ্চতা অন্যান্য ১.৫৭ মিটার ; (আ) বুক অন্যান্য ৭৬.৮১ সেন্টিমিটার ; (ই) ওজন অন্যান্য ৪৫ কেজি।

১	২	৩	৪	৫
৪৮.	মাস্টার দর্জি	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৪৯.	দর্জি	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৫০.	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	...	পদোন্নতির মাধ্যমে।	দণ্ডরী পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৫১.	ডেসপাস রাইডার	...	পদোন্নতির মাধ্যমে।	এম.এল.এস.এস পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৫২.	ব্লাকস্মীথ	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৫৩.	বুক বাইন্ডার ইন্সট্রাক্টর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৫৪.	রেকর্ড সাপ্লাইয়ার	...	পদোন্নতির মাধ্যমে।	এম.এল.এস.এস পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৫৫.	দণ্ডরী	...	পদোন্নতির মাধ্যমে।	এম.এল.এস.এস পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৫৬.	এম.এল.এস.এস	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৫৭.	মেথর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
৫৮.	সুইপার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।

## তফসিল-২

## [বিধি ২(খ) দ্রষ্টব্য]

উচ্চমান সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
	(ক) লিখিত পরীক্ষা	২০০		
১।	বাংলা	৭৫		
২।	ইংরেজী	৭৫	৫০%	৩ ঘন্টা
৩।	গণিত	২৫		
৪।	সাধারণ জ্ঞান	২৫		
	(খ) মৌখিক পরীক্ষা	২৫		
	সর্বমোট	২২৫		

ব্যাখ্যা :

- (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।
- (২) কম্পিউটারে Word processing এর অভিজ্ঞতা থাকিতে হইবে।

## তফসিল-৩

## [বিধি ২(খ) দ্রষ্টব্য]

সাঁট-লিপিকার, সাঁট-মুদ্রাক্ষরিক, কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী/ অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
	(ক) লিখিত পরীক্ষা	১০০		
১।	বাংলা	৩০		
২।	ইংরেজী	৩০	৫০%	৯০ মিনিট
৩।	গণিত	২০		
৪।	সাধারণ জ্ঞান	২০		
	(খ) মৌখিক পরীক্ষা	১০		
	সর্বমোট	১১০		

ব্যাখ্যা :

- (১) লিখিত পরীক্ষায় এবং তফসিল ৪ এ বর্ণিত সাঁটলিপি বা মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।
- (২) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৪**  
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**অংশ 'ক'**

সাঁট-লিপিকার ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

পদের নাম	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজী পরীক্ষায় মোট নম্বর	বাংলা পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজী পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
	সাঁট-লিপি							
সাঁট- লিপিকার	৮০ শব্দ	৫০ শব্দ	১০০	১০০	৪০%	৫০%	৫ মিনিট	৫ মিনিট
সাঁট- মুদ্রাক্ষরিক	৭০ শব্দ	৪৫ শব্দ	১০০	১০০	৪০%	৫০%	৫ মিনিট	৫ মিনিট
	মুদ্রাক্ষরিক							
সাঁট- লিপিকার	৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট
সাঁট- মুদ্রাক্ষরিক	২৮ শব্দ	২৩ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

**অংশ 'খ'**

সাঁট-লিপিকার ও সাঁট-মুদ্রাক্ষরিক পদধারীগণের সিলেকশন থ্রেডের জন্য সাঁট-লিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি

পদের নাম	সাঁট-লিপি		মুদ্রাক্ষর	
	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)
সাঁট-লিপিকার	১০০ শব্দ	৭০ শব্দ	৩৫ শব্দ	৩০ শব্দ
সাঁট-মুদ্রাক্ষরিক	৮০ শব্দ	৫০ শব্দ	৩০ শব্দ	২৫ শব্দ

ব্যাখ্যা :

- (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।
- (২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।
- (৩) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।
- (৫) সাঁট-লিপিকার ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে সিলেকশন থ্রেড প্রাপ্তির জন্য অংশ-খ প্রযোজ্য হইবে।

## তফসিল-৫

## [বিধি ২(খ) দ্রষ্টব্য]

কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী/অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক  
পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি।

পদের নাম	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজী মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজী পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
কারা সহকারী- কাম- মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক/ মুদ্রাক্ষরিক- কাম-অফিস সহকারী/ অফিস সহকারী- কাম- মুদ্রাক্ষরিক	২৮ শব্দ	২০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

## ব্যাখ্যা :

- (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।
- (৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলম আরা বেগম

উপ-সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd